

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও  
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)  
[www.thakurgaon.gov.bd](http://www.thakurgaon.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০২০.০৬.০০৪.২৩-৭৪০

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১  
৩১ অক্টোবর ২০২৪

**গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধনী ২০০২) ৬ক ধারা অনুযায়ী ২০০২ সালে সারাদেশে পলিথিন শপিং ব্যাগের ব্যবহার (উৎপাদন, বিক্রয়, পরিবহণ ইত্যাদি) নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। তা সত্ত্বেও দেশের প্রায় দোকান এবং স্টোরে পলিথিন শপিং ব্যাগের যত্রতত্র ব্যবহার চলছে। বিভিন্ন গবেষণায় নদী, জলাশয়, সমুদ্র ছাড়াও নিত্য ব্যবহৃত দ্রব্যসামগ্রী, মাতৃদুগ্ধ, প্লাসেন্টা, ফুসফুস এমনকি মানুষের মস্তিষ্কে মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি পাওয়া গেছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৯ অক্টোবর ২০২৪ তারিখের ২২.০০.০০০০.০৭৭.৯৯.০০১.২৪.৫৭ নম্বর স্মারক মোতাবেক আগামী ০১ নভেম্বর ২০২৪ তারিখ থেকে নিষিদ্ধ ঘোষিত সকল ধরনের পলিথিন ব্যবহার বন্ধে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনানুসারে, ঠাকুরগাঁও জেলায় আগামী ০১ নভেম্বর ২০২৪ তারিখ থেকে নিষিদ্ধ ঘোষিত পলিথিনের ব্যবহার বন্ধ ঘোষণা করা হলো। সেই সাথে জনসাধারণকে পলিথিনের বদলে পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহার করার জন্য অনুরোধ জানানো হলো।

২। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
৩১/১০/২৪

ইশরাত ফারজানা

জেলা ম্যাজিস্ট্রেট

ঠাকুরগাঁও

☎ ০২৫৮৯৯৩১০১১


[dcthakurgaon@mopa.gov.bd](mailto:dcthakurgaon@mopa.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০২০.০৬.০০৪.২৩-৭৪০

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১  
৩১ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও
- ৪। বিভাগীয় পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও
- ৬। প্রশাসক (ঠাকুরগাঁও/পীরগঞ্জ/রাণীশংকৈল) পৌরসভা, ঠাকুরগাঁও (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ৮। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঠাকুরগাঁও
- ৯। জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, ঠাকুরগাঁও প্রেসক্লাব, ঠাকুরগাঁও

  
৩১/১০/২৪

জেলা ম্যাজিস্ট্রেট

ঠাকুরগাঁও